

সর্বজন শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়ের নির্দেশক্রমে সম্মানিত সকল বিভাগীয় প্রধানদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, আগামী শুক্রবার ১ মার্চ ২০২৪, ইডেন মহিলা কলেজ কেন্দ্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের - ক ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে।

এ পরীক্ষাটি অত্যন্ত স্পর্শকাতর কারণ দেশের সেরা মেধাবী শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নেবে। তাই ঐতিহ্যবাহী ইডেন কলেজের ইমেজ সমুন্নত রাখার স্বার্থে নিম্ন বর্ণিত বিষয়ে বিভাগে নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষ অনুরোধ করা যাচ্ছেঃ

১/ বিভাগের শ্রেণিকক্ষের সকল লাইট, ফ্যান ও ঘড়ি সচল রাখা।

২/ সকল ঘড়ির সময়কে আদর্শ সময়ের সাথে মিলিয়ে রাখা।

৩/ পরীক্ষার দিন প্রচন্ড জ্যাম মোকাবেলায় যদিও আমরা অভ্যস্ত, তারপরেও সেদিনকার জ্যাম সম্ভবতঃ প্রচন্ডতম হবে। তাই এ ব্যাপারে আগে থেকেই সাবধানতা অবলম্বন করা।

কমপক্ষে নীলখেত মোড় ও আজিমপুর মোড় হতে পায়ে হেঁটে আসার ব্যাপারে প্রস্তুত থাকা।

৪/ হল ডিউটি পালনকালে কোন ধরনের গল্পগুজব না করা বা কথাবার্তা না বলা।

(এ ব্যাপারে ঢা.বি - সভায় বারবার সাবধান করা হয়েছে)

৫/ কোনোভাবেই পরীক্ষার হলে মোবাইল ফোন নিয়ে না যাওয়া।

৬/ সর্বোপরি শুক্রবার সকাল সাড়ে নয়টায়(৯টা ৩০মিঃ) শিক্ষক লাউঞ্জে উপস্থিতি নিশ্চিত করা।

অধ্যক্ষ মহোদয়ের নেতৃত্বে আর সবার সম্মিলিত প্রচেষ্টায় সুন্দর আর সফল হোক ১ মার্চের ভর্তি পরীক্ষার আয়োজন এ কামনায় আপনাদের সকলের দোয়াপ্রার্থী -

ড. মোঃ আবু রেজোয়ান

অধ্যাপক ও বিভাগীয় প্রধান

পদার্থবিজ্ঞান বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।